

## বই-বিষয়ক

### শিশু-কিশোরসাহিত্যে অমরেন্দ্র চক্রবর্তী

#### শতাব্দী কুণ্ডু

বাংলা শিশু-কিশোরসাহিত্যে অমরেন্দ্র চক্রবর্তীর অবদান অনস্বীকার্য। প্রচলিত পথ ধরে তিনি হাঁটেন না বলেই এই ধারায় তাঁর কলম এক স্বতন্ত্র স্থান অধিকার করে আছে পাঁচ দশকের বেশি সময় ধরে। 'শাদা ঘোড়া', 'হীরু ডাকাত', 'আমাজনের জঙ্গলে', 'বরফের বাগান' এসব নামের সঙ্গে আমরা সুপরিচিত। প্রায় কুড়িটি ছোটদের জন্যে লেখা তার বই : গল্প-উপন্যাস-কবিতা-নাটক; শুধু ছোটদেরই নয়, মন জয় করে নিয়েছে পরিণত পাঠকেরও। এ গ্রন্থে সেই সমস্ত বইয়ের নানান দিক নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। শিশুসাহিত্যে অমরেন্দ্র চক্রবর্তীর কলমকে কেন্দ্র করে সামগ্রিক গবেষণাধর্মী বিশ্লেষণ সম্ভবত এই প্রথম। সঙ্গে উপরি পাওনা লেখকের সঙ্গে তাঁর একটি সাক্ষাৎকার। অমরেন্দ্র চক্রবর্তীর লেখার যারা অনুরাগী, সর্বোপরি, বাংলা শিশুসাহিত্যপাঠ ও সাহিত্যের চর্চা তথা গবেষণার সঙ্গে যাঁরা যুক্ত, এই বই তাদের আগ্রহ জাগাবে আশা করা যায়।